

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
নাটোর সদর, নাটোর।

নাটোর সদর উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২৫ অক্টোবর ২০১৫।
সময় : ১০:৩০ ঘটিকা।
স্থান : উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর এর অফিস কক্ষ।
সভাপতি : মোহাম্মদ নায়িরুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর, নাটোর।
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূত্রোপাত করেন। সভাপতির অনুমতিক্রমে সভার সদস্য সচিব জনাব মোঃ শাহ আলম সেখ সভার আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করেন। অতঃপর তিনি উপস্থিত সকলের মতামত ও পরামর্শ আহবান করেন। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশ গ্রহণ করে মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করেন। সার্বিক আলোচনা অন্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের ব্যবহার	সভাপতি বিসিসি কর্তৃক নাটোর সদর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করেন এবং যে সকল ল্যাবে কম্পিউটার বা প্রিন্টার নষ্ট হয়েছে সেগুলো যথাশীঘ্র মেরামত করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করেন। তিনি শিক্ষার্থীদের ল্যাব ব্যবহারে উদ্বুদ্ধ করার জন্য শিক্ষকদের আহবান করেন। তিনি প্রতিটি ল্যাবে ব্যবহারকারীদের জন্য রেজিস্টার সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ করেন।	১। নিয়মিত কম্পিউটার ল্যাব পরিদর্শন করতে হবে। ২। বিসিসি কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবের কম্পিউটার ও অন্যান্য যন্ত্রাংশাদি নষ্ট থাকলে অবিলম্বে মেরামত করতে হবে। ৩। কম্পিউটার ল্যাবে ব্যবহারের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে। ৪। কম্পিউটার ল্যাবে ব্যবহারকারীদের জন্য রেজিস্টার সংরক্ষণ করতে হবে।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাটোর সদর ও সহকারী প্রোগ্রামার, নাটোর সদর ২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। ৩। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ। ৪। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
০২	মাল্টিমিডিয়া ব্যবহারের মাধ্যমে ডিজিটাল ক্লাসরুম পরিচালনা।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, সরকার কর্তৃক নাটোর সদর উপজেলার মাধ্যমিক পর্যায়ের ৪৬টি বিদ্যালয়ে, ১২টি মাদ্রাসা ও ১১টি কলেজে মাল্টিমিডিয়া সরবরাহ করা হয়েছে এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে অন্তত একজন শিক্ষককে ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে ক্লাসরুম পরিচালনার জন মাস্টার ট্রেনার হিসেবে প্রশিক্ষণ দেয়া হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার- বড়বাড়ীয়া উচ্চ বিদ্যালয়, কাঁঠালবাড়ীয়া দাখিল মাদ্রাসা, নিশ্চিন্তপুর উচ্চ বিদ্যালয়, বাগরোম বালিকা দাখিল মাদ্রাসা, ফুলস্বর আব্দুর রহিম সরকার নিম্নমাধ্যমিক বালিকা বিদ্যালয়, পীরগঞ্জ উচ্চ বিদ্যালয় ও জংলী বালিকা উচ্চ বিদ্যালয় পরিদর্শন করেন এবং মাল্টিমিডিয়ার ক্লাশের উপর গুরুত্ব দেয়ার জন্য জোর পরামর্শ দেন। (২) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে মাল্টিমিডিয়া ক্লাশরুম অনলাইন ড্যাশবোর্ডে রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে।	১। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া সরবরাহ করা হয়েছে সেখানে বাধ্যতামূলক ভাবে ডিজিটাল ক্লাসরুম পরিচালনা করতে হবে। (২) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে মাল্টিমিডিয়া ক্লাশরুম অনলাইন ড্যাশবোর্ডে রেজিস্ট্রেশন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। ড্যাশবোর্ডে নিয়মিত তথ্য আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৪। যে সব প্রতিষ্ঠান ড্যাশবোর্ডে নিয়মিত তথ্য আপলোড করে নাই সে সব প্রতিষ্ঠানে পত্র তাগিত পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকবৃন্দ। ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ৩। উপজেলা নির্বাহী অফিসার। ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। ৫। প্রতিষ্ঠান প্রধান।

(চলমান পাতা-২)

